# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯৯ তারিখ: ৩০/০৮/২০২৬

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন লিংক/ওয়েবসাইট এর ঠিকানা প্রকাশ প্রসঙ্গে।**

সূত্র:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাভুক্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: **https://xiclassadmission.gov.bd** -তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ ভর্তির যোগ্যতা সাপেক্ষে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন।

**বিঃ দ্রঃ বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ব্যতীত অন্য কোন ফেইক ওয়েবসাইটের বিজ্ঞাপন হতে কোন শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে বোর্ড কর্তৃপক্ষ কোনক্রমেই এর দায় বহন করবে না।**

৩০/০৮/২৬

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

CamScanner

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬০০ তারিখ: ৩০/০৮/২০২৬

বিষয়ঃ <u>২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন আবেদনে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে সতর্কতা প্রসঙ্গে।</u>

সূত্র:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬" এর উপধারা ৩.২ অনুযায়ী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইন আবেদনে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে নিম্নে বর্ণিত যোগ্যতা থাকতে হবে;

<u>মুক্তিযোদ্ধা কোটার যোগ্যতাঃ</u> এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হতে হবে।

উল্লেখ্য, এ কোটায় সিলেকশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কলেজে ভর্তির সময় সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। সেক্ষেত্রে উক্ত কোটার সঠিক প্রমাণক জমা দিতে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি হতে পারবে না। অতএব যে সকল শিক্ষার্থী মুক্তিযোদ্ধা কোটার বর্ণিত যোগ্যতা না থাকা সত্ত্বেও (যেমন: মুক্তিযোদ্ধার নাতি/নাতনী) আবেদন করবে তারা সিলেকশন পেলেও কলেজে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ

CamScanner

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬০১ তারিখ: ৩০/০৮/২০২৬

**বিষয়ঃ** <u>২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন আবেদনে EQ-1, EQ-2 (Education Quota 1,2) কোটায় আবেদনের ক্ষেত্রে সতর্কতা প্রসঙ্গে।</u>

সূত্র:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬" এর উপধারা ৩.২ অনুযায়ী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইন আবেদনে EQ-1, EQ-2 (Education Quota 1,2) কোটার ক্ষেত্রে নিম্নে বর্ণিত যোগ্যতা থাকতে হবে;

<u>**EQ-1(Education Quota-1) এর যোগ্যতাঃ**</u> এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে।

<u>**EQ-2(Education Quota-2) এর যোগ্যতাঃ**</u> এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ে অধীনস্থ ২৮টি (কপি সংযুক্ত) দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তান হতে হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি স্কুল, সরকারি কলেজ, সরকারি স্কুল এন্ড কলেজ এবং সরকারি শিক্ষা অফিসসমূহে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানের ক্ষেত্রে বর্ণিত কোটা সুবিধা প্রযোজ্য হবে।

অতএব যে সকল শিক্ষার্থী **EQ-1, EQ-2** কোটার বর্ণিত যোগ্যতা না থাকা সত্ত্বেও আবেদন করবে তারা সিলেকশন পেলেও কলেজে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।

৩০/৮/২৬

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

**সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ**

CamScanner

| ক্রমিক | শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত অধিদপ্তর/অফিস/সংস্থার নাম (EQ-2 এর জন্য) |
| --- | --- |
| ০১ | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |
| ০২ | বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| ০৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ০৪ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) |
| ০৫ | বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) |
| ০৬ | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |
| ০৭ | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড |
| ০৮ | জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) |
| ০৯ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ১০ | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর |
| ১১ | আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |
| ১২ | বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন (বিএনসিইউ) |
| ১৩ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা |
| ১৪ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা |
| ১৫ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম |
| ১৬ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী |
| ১৭ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর |
| ১৮ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট |
| ১৯ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল |
| ২০ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর |
| ২১ | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ |
| ২২ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড |
| ২৩ | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাষ্ট |
| ২৪ | বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ২৫ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ২৬ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড |
| ২৭ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |
| ২৮ | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) |

CS CamScanner